

অনিয়মের প্রতি বাদাবন সংঘ'র নীতি

জানুয়ারী ২০২০



বাদাবন সংঘ
Badabon Sangho
A Women's Rights Organization

বাদাবন সংঘ আর্থিক (ফিন্যান্সিয়াল) এবং কার্যক্রম (প্রোগ্রাম) বাস্তবায়নের ক্ষেত্রে অ-পেশাজীবী আচরণ ও অনিয়মের বিষয়ে "অনিয়মের প্রতি বাদাবন সংঘ নীতি" অনুসরণ করে। এই নীতিটি অংশীদারিত্বের মর্যাদার সাথে সামঞ্জস্যপূর্ণ যার ভিত্তি হচ্ছে পারস্পরিক বিশ্বাস, জবাবদিহিতা এবং স্বচ্ছতা। আর্থিক (ফিন্যান্সিয়াল) এবং কার্যক্রম (প্রোগ্রাম) পরিচালনায় অনিয়ম করতে বাদাবন সংঘ "তহবিল তহরুপ" বা "অপব্যবহার" কে বোঝায় যা শুধুমাত্র উদ্ভিখিত বিষয়ে সীমাবদ্ধ না রেখে নিচের বিষয়সমূহ আমলে নেয়া:

- কোনো অসাধু বা প্রতারণামূলক কাজ দ্বারা স্বাক্ষরিত চুক্তির ধারা/ধারাগুলির লঙ্ঘন;
- কোনো নথি বা হিসাবের জালিয়াতি বা পরিবর্তন (যার মধ্যে রয়েছে টাইমশিট, কর্মীর বেতন-জাতার নথি এবং এর সাথে সম্পর্কিত ছুটির রেকর্ড এবং হিসাব, ভ্রমণ এবং ব্যয়ের প্রতিবেদন, অগ্রিম প্রতিবেদন এবং হিসাব, ভ্রম সংক্রান্ত নথি, মজুদকৃত মালামালের নথি বা ইনভেন্টারি রেকর্ড সহ এমনসব বিষয় এর আওতাভুক্ত বলে গণ্য হবে);
- জালিয়াতি বা কোনো ধরনের পরিবর্তন করে চেক, ব্যাংক ড্রাফট, বা অন্য যে কোনো আর্থিক নথির পরিবর্তন;
- তহবিল, পণ্য, মালামাল, খুচরা যন্ত্রাংশ, প্রকল্পের সামগ্রী এবং সরঞ্জাম, বা অন্যান্য সম্পদের অপব্যবহার;
- অর্থ, আর্থিক লেনদেন, বিভ্র বা নিলাম ডাক পদ্ধতি পরিচালনার ক্ষেত্রে যথেষ্টাচার করা;
- বিজ্ঞেতা বা ভেড়র অথবা পরিষেবা/উপকরণ সরবরাহকারী ব্যক্তিদের কাছ থেকে নামমাত্র উপাদান সামগ্রীর চেয়ে বেশি কিছু গ্রহণ করা বা চাওয়া (ক্যালেন্ডার, ডায়েরী ইত্যাদির ক্ষেত্রে প্রযোজ্য নয়);
- রেকর্ড, আসবাবপত্র, যন্ত্রপাতি বা সরঞ্জামগুলির ধ্বংস বা অপব্যবহার;
- নথি বা তথ্য, এবং / অথবা অনুরূপ কোনো বা এসব সংক্রান্ত বিষয়সমূহ ভিন্নভাবে প্রবাহিত করা, পরিবর্তন বা অব্যবস্থাপনা।
- কোনো পক্ষের সাথে অননুমোদিত ছাড় বা গোপন লেনদেন করা।

যদি প্রকাশিত হয় যে বাদাবন সংঘের অংশীদারি প্রতিষ্ঠান কাউকে প্রকল্পে নির্ধারিত বেতনের চেয়ে কম বেতন দিচ্ছে বা কর্মীদের বেতন থেকে অর্থ আদায় করছে বা ফেরতযোগ্য নয় এমন বেতন কেটে নিচ্ছে, তাহলে বাদাবন সংঘ তাৎক্ষণিকভাবে নিয়োগ বাতিল করতে পারে।

বাদাবন সংঘ'র কোনো অংশীদারি প্রতিষ্ঠানে কর্মরত আছেন বা কোনো প্রাক্তন কর্মীর কাছ থেকে যদি লিখিতভাবে অভিযোগ পাওয়া যায় যে, কোনো কর্মীকে প্রকৃত বেতনের চেয়ে কম বেতন দিচ্ছে বা অতীতে দিয়েছে এবং/অথবা কর্মীর কাছ থেকে গোপনে অর্থ আদায় করছে তাহলে বিষয়টি "অনিয়মের প্রতি বাদাবন সংঘ নীতি" অনুসরণ করে ফয়সালা করা হবে এবং যদি তা প্রকৃতপক্ষে ঘটে থাকে বলে প্রতীয়মান হয় বা প্রমাণিত হয় তবে তাৎক্ষণিকভাবে দোষী কর্মীর নিয়োগ বাতিল করা হবে এবং বাদাবন তথ্যভান্ডারে কালো তালিকাভুক্ত হবে।

যখন দুটি সংস্থার মধ্য থেকে কেবলমাত্র কোনো একটি সংস্থা উপরের নিয়মাবলী মেনে চলে বা নিয়মিত অনুশীলন করে তখন একটি সফল অংশীদারিত্ব তৈরি করা অসম্ভব। অতএব, সচেতনভাবে, উদ্দেশ্যমূলকভাবে এবং সংস্থার নীতিমালা উপেক্ষা করে থাকলে যে কোনো অংশীদার বা উপ-অংশীদারের ক্ষেত্রে "অনিয়মের প্রতি বাদাবন সংঘ নীতি" প্রয়োগের এর মাধ্যমে সুরাহা করা হবে। এই জাতীয় ত্রিমাঝপনগুলি শনাক্ত করার পরে এবং যাচাই করা গেলে, তাৎক্ষণিকভাবে প্রস্তুত্বিক এমন অংশীদারিত্বের অবসান ঘটানো হবে এবং সংস্থার সাথে সকল সম্পর্ক বিচ্ছিন্ন করা হবে।

তবে, আর্থিক অপব্যবহারের ধরণ যদি এমন হয় যাতে নিয়োগ বাতিল হয় না, সেসব ক্ষেত্রে অনিয়মগুলি সংশোধন করার একটি পরিকল্পনা অবশ্যই সংস্থা কর্তৃক গ্রহণ করা উচিত। এই পরিকল্পনাটি তখন বাদাবন সংঘের সিনিয়র ম্যানেজমেন্ট কর্তৃক অনুমোদিত এবং তদারকি করা হবে। তারপরে, যদি মনিটরিং প্রক্রিয়ায় দেখা যায় যে পরিকল্পনাটি সঠিকভাবে বা নির্ধারিত সময়সীমার মধ্যে কার্যকর করা হয়নি, তবে অংশীদারিত্ব সেই পর্যায়ে বাতিল হবে।

বহিরাগত নিরীক্ষক দ্বারা চিহ্নিত হওয়ার আগে অভ্যন্তরীণভাবে আর্থিক অনিয়মগুলি শনাক্ত এবং তার মোকাবিলা করার প্রক্রিয়ায় থাকলে তা বাদাবন সংঘ সমর্থন করে। বাদাবন সংঘ দ্বারা প্রদত্ত বিশেষ কোর্সিং এবং হাতে-কলমে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে এ জাতীয় প্রচেষ্টা সমর্থন করবে।

সমার্থক শব্দ:

আর্থিক: ফিন্যান্সিয়াল, আর্থিক লেন-দেন,

কার্যক্রম: প্রোগ্রাম, কর্মসূচী,

তহবিল তহরুপ: অর্থ আত্মসাৎ,

Lipi Rahman
Executive Director
General Secretary, Executive Committee
Badabon Sangho


Gulshan Ara
Chairperson
Executive Committee
Badabon Sangho